# ৪৪তম বিসিএস (লিখিত) পরীক্ষা

শঙ্খচিল
বিষয় কোড : ০০৫
পূর্ণমান : ২০০
নির্ধারিত সময় : ৪ ঘণ্টা
[প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

১. ক. বাংলাদেশের মুক্তিযুদ্ধকালে গঠিত 'মুজিবনগর সরকার'-এর পরিচয় দিন। ৫
খ. মুক্তিযুদ্ধ পরিচালনায় মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশ সরকারের অবদান বিশ্লেষণ করুন। ১০
গ. বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন সরকারকে কি প্রবাসী সরকার বলা যায়? ৫

২. ক. 'সংবিধানই বাংলাদেশের সর্বোচ্চ আইন'— ব্যাখ্যা করুন। ৫
খ. সংবিধান সংশোধনের প্রক্রিয়া সংশ্লিষ্ট অনুচ্ছেদ উল্লেখপূর্বক বর্ণনা করুন। ১০
গ. সংবিধান অনুসারে হাইকোর্টের একজন বিচারপতিকে অপসারণের প্রক্রিয়া আলোচনা করুন। ৫

৩. ক. বাংলাদেশের সমতল ভূমিতে বসবাসকারী ক্ষুদ্র জাতিসত্তার সংক্ষিপ্ত পরিচয় দিন। ৫
খ. পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র জাতিসত্তার সাংস্কৃতিক বৈশিষ্ট্যের পরিচয় উপস্থাপন করুন। ১০
গ. সাঁওতাল অথবা গারো জাতিসত্তার জীবনাচরণ বর্ণনা করুন। ৫

৪. ক. প্রত্নতাত্ত্বিক নিদর্শন বলতে কী বোঝায়? ৫
খ. উয়ারী-বটেশ্বরের পরিচয় দিন। ১০
গ. 'প্রত্নতাত্ত্বিক নিদর্শন পর্যটক আকর্ষণের গুরুত্বপূর্ণ উপাদান'— ব্যাখ্যা করুন। ৫

৫. ক. 'সুনীল অর্থনীতি' কী? ৫
খ. সুনীল অর্থনীতি বাংলাদেশের অর্থনীতিতে কীভাবে অবদান রাখতে পারে তা আলোচনা করুন। ১০
গ. সামুদ্রিক সম্পদ আহরণে বাংলাদেশ সরকারের গৃহীত কার্যক্রম বর্ণনা করুন। ৫

৬. ক. মেগা প্রকল্প কী? ৫
খ. পদ্মা সেতু প্রকল্প বাস্তবায়নের ফলে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির ভবিষ্যৎ চিত্র অঙ্কন করুন। ১০
গ. ঢাকা মেট্রোরেল প্রকল্পের পরিচয় দিন। ৫

৭. ক. কৃষি গবেষণা বলতে কী বোঝায়? ৫
খ. খাদ্য উৎপাদন বৃদ্ধিতে বাংলাদেশের কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহের অবদান নিরূপণ করুন। ১০
গ. ইলিশ উৎপাদন বৃদ্ধিতে সরকারের ভূমিকা বর্ণনা করুন। ৫

৮. ক. 'ডেমোগ্রাফিক ডিভিডেন্ড' বলতে কী বোঝায়? ৫
খ. বাংলাদেশের 'ডেমোগ্রাফিক ডিভিডেন্ড'-কে কাজে লাগাতে হলে করণীয় সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা দিন। ১০
গ. দক্ষতা উন্নয়নে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার গুরুত্ব আলোচনা করুন। ৫

৯. ক. বুদ্ধিবৃত্তিক সম্পদ বলতে কী বোঝায়? ৫
খ. বুদ্ধিবৃত্তিক সম্পদ প্রধানত কত প্রকার? উদাহরণসহ পরিচয় দিন। ১০
গ. বুদ্ধিবৃত্তিক সম্পদ ব্যবস্থাপনায় বাংলাদেশ সরকারের ভূমিকা বর্ণনা করুন। ৫

১০. টীকা লিখুন (যে-কোনো চারটি) : ৫ × ৪ = ২০

ক. ৭ই মার্চের ভাষণ
খ. বাংলা একাডেমি
গ. মুক্তিযুদ্ধ জাদুঘর
ঘ. মঙ্গল শোভাযাত্রা
ঙ. বাউল সংগীত
চ. ভিশন ২০৪১